

## মিশকাতুল মাসাবীহ (মিশকাত)

হাদিস নম্বরঃ ৫৮৯১

পর্ব-২৯: চারিত্রিক গুণাবলি ও মর্যাদাসমূহ (كِتَابُ الْفَضَائِلِ وَالشَّمَائِلِ)

পরিচ্ছেদঃ প্রথম অনুচ্ছেদ - মু'জিয়ার বর্ণনা

### الفصل الاول (باب في المعجزات)

আরবী

وَعَنْ سَلَمَةَ بْنِ الْأَكْوَعِ قَالَ غَزَوْنَا مَعَ رَسُولِ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ حُنَيْنًا فَوَلَّى صَحَابَةُ رَسُولِ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ فَلَمَّا غَشَوْا رَسُولُ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ نَزَلَ عَنِ الْبُعْلَةِ ثُمَّ قَبَضَ قَبْضَةً مِنْ تُرَابٍ مِنَ الْأَرْضِ ثُمَّ اسْتَقْبَلَ بِهِ وُجُوهَهُمْ فَقَالَ شَهِتِ الْوُجُوهُ فَمَا خَلَقَ اللَّهُ مِنْهُمْ إِنْسَانًا إِلَّا مَلَأَ عَيْنِيهِ تُرَابًا بِتِلْكَ الْقَبْضَةِ فَوَلَّوْا مُدْبِرِينَ فَهَزَمَهُمُ اللَّهُ عَزَّ وَجَلَّ وَقَسَمَ رَسُولُ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ غَنَائِمَهُمْ بَيْنَ الْمُسْلِمِينَ رَوَاهُ مُسْلِمٌ

رواه مسلم (81 / 1777)، (4619) -

(صَحِيح)

বাংলা

৫৮৯১-[২৪] সালামাহ্ ইবনু আকওয়া' (রাঃ) হতে বর্ণিত। তিনি বলেন, হুনায়নের যুদ্ধে আমরা রাসূলুল্লাহ (সা.) - এর সাথে শরীক ছিলাম। রাসূলুল্লাহ (সা.) -এর কতিপয় সাহাবী কাফিরদের মোকাবিলা হতে যখন পলায়ন করলেন। তখন কাফিরগণ রাসূলুল্লাহ (সা.) -কে চতুর্দিক হতে ঘিরে ফেলল, এমতাবস্থায় তিনি (সা.) খচ্চরের পিঠ হতে নিচে নামলেন। অতঃপর তিনি জমিন হতে এক মুষ্টি মাটি তুলে নিলেন। তারপর কাফিরদের অভিমুখে (شَهِتِ الْوُجُوهُ) 'তোমাদের মুখ বিবর্ণ হোক' এ অভিশাপ বাক্যটি উচ্চারণ করে তা নিক্ষেপ করলেন। (বর্ণনাকারী বলেন,) তাদের যে কোন লোককে আল্লাহ তা'আলা সৃষ্টি করেছেন (উপস্থিত কাফিরদের) প্রত্যেকের চক্ষুদ্বয় উক্ত এক মুষ্টি মাটি দ্বারা ভর্তি হয়ে গেল। ফলে তারা ময়দান হতে পৃষ্ঠপ্রদর্শন করল। এভাবে আল্লাহ তা'আলা তাদেরকে পরাজিত করলেন। পরে রাসূলুল্লাহ (সা.) তাদের হতে লব্ধ গনীমাতের সম্পদসমূহ মুসলিমদের মধ্যে বিতরণ করলেন। (মুসলিম)

## ফুটনোট

সহীহ: মুসলিম ৮১-(১৭৭৭), সহীহ ইবনু হিব্বান ৬৫২০, সিলসিলাতুস্ সহীহাহ্ ২৮২৪।

## ব্যাখ্যা

ব্যাখ্যা: হাদীসের ব্যাখ্যায় ত্বীবী (রহিমাহুল্লাহ) বলেন, উক্ত হাদীসে রাসূলুল্লাহ (সা.) -এর কয়েকটি মু'জিয়াহ্ কথা উল্লেখ করা হয়েছে। যেমন- মাত্র এক মুষ্টি মাটি সকলে কাফির সেনাদের চোখে পৌঁছে দেয়া। যা কেবল রাসূল (সা.) -এর দ্বারাই সম্ভব হয়েছে। অন্য কারো দ্বারা সম্ভব নয়।

□ এই অল্প পরিমাণ মাটি দিয়ে চার হাজার কাফির সেনার চক্ষু পরিপূর্ণ করে দেয়া।

□ এই মাটি নিক্ষেপের কারণেই তাদের ধ্বংস অনিবার্য হওয়া।

তারপর হাদীসের শেষ অংশে বলা হয়েছে যে, আল্লাহ তাদেরকে পরাজিত করলেন। আর রাসূল (সা.) সাহাবীদের মাঝে গনীমতের মাল বণ্টন করে দিলেন।

এখান থেকে স্পষ্ট বুঝা যায় যে, আল্লাহ তা'আলা রাসূল (সা.) -এর দু'আ কবুল করেছেন এবং তাঁকে উত্তমভাবে সাহায্য করেছেন। (মিশকাতুল মাসাবীহ)।

হাদীসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিস একাডেমি □ বর্ণনাকারীঃ সালামাহ ইবনু আকওয়া' (রাঃ)

🔗 Link — <https://www.hadithbd.com/hadith/link/?id=85867>

📖 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন